



Regd. No. S/98860

**SHILPI SANGHA**  
A leading Theatre Group (Howrah)

মাননীয়  
প্রধান শিক্ষক  
বি. ই. কলেজ মডেল স্কুল  
হাওড়া

২২/০৫/১৬

মাননীয় মহাশয় ,

প্রথমেই আপনাদের ধন্যবাদ জানাই আমাদের স্কুল থেকে মঞ্চে নাট্য উৎসবে আপনাদের বিদ্যালয়ের অংশগ্রহণের জন্য । আমরা অত্যন্ত কৃতজ্ঞ, আপনাদের সহৃদয় উপস্থিতি আমাদের নাট্য উৎসবকে সাফল্যমন্ডিত করে তুলেছে ।

আপনারা জানেন যে শিল্পী সংঘ (হাওড়া) সরকার নিবন্ধিত এবং সুপ্রতিষ্ঠিত একটি নাট্যদল। সারা বছর বিভিন্ন মঞ্চে নাট্য প্রযোজনা করা ছাড়াও নাট্য জগৎ-এ তরুন প্রজন্মকে অংশ গ্রহণে উদ্বুদ্ধ করতে আমরা বিশেষ ভাবে সক্রিয়, এ বিষয়ে বছরভর আমরা নানা রকম কর্মসূচী নিয়ে থাকি।

আমাদের তত্ত্বাবধানে ৬ থেকে ১৬ বছরের স্কুল ছাত্র-ছাত্রীদের নিয়ে সারা বছর ধরে প্রতি রবিবার বেলা ৩ টে থেকে ৫ টা অবধি হাওড়ার মারিয়াস ডে স্কুলে (হাওড়া ময়দান) নাট্য কর্মশালা চলছে। এই কর্মশালাতে নাটক প্রশিক্ষণের মাধ্যমে নতুন নাটক প্রযোজিত হয়।

আমরা চাই আপনার বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা এই কর্মশালাতে অংশগ্রহণ করুক । এ বিষয়ে আপনার বিদ্যালয়ের সহযোগিতা আমাদের কাম্য ।

ধন্যবাদান্তে

অরুন্ধতী পাল চৌধুরী

অরুন্ধতী পাল চৌধুরী

সম্পাদক